

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩২৫

আগরতলা, ১১ অক্টোবর, ২০২১

এমবিবি বিশ্ববিদ্যালয়ে আরও নতুন ১০টি কোর্স : উপাচার্য

রাজ্যের ছাত্রছাত্রীদের ভবিষ্যতের কথা মাথায় রেখে এমবিবি বিশ্ববিদ্যালয়ে আরও ১০টি নতুন কোর্স চালু করা হচ্ছে। ২০২১-২২ শিক্ষাবর্ষ থেকেই এই কোর্সগুলি চালু করার উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এরমধ্যে ৪টি হচ্ছে সার্টিফিকেট কোর্স। এই কোর্সের সময়সীমা ৬ মাস। বাকি ৬টি কোর্স হবে ডিপ্লোমা। আজ এমবিবি বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান এমবিবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সত্যদেও পোদ্দার। তিনি জানান, ৪টি সার্টিফিকেট কোর্সের মাধ্যমে যুবক-যুবতীরা প্রশিক্ষণ নিয়ে নিজেদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি আত্মনির্ভর হতে পারবে। সেই বিষয়টি সামনে রেখে এই কোর্সগুলি চালু করা হচ্ছে। এই সার্টিফিকেট কোর্সগুলির মধ্যে রয়েছে সার্টিফিকেট কোর্স ইন এন্টারপ্রেনারশিপ, সার্টিফিকেট কোর্স ইন ফার্মিং, সার্টিফিকেট কোর্স ইন প্রোডাকশন এবং সার্টিফিকেট কোর্স ইন অর্গানিক ফার্মিং। এছাড়া ১ বছরের ডিপ্লোমা কোর্সের মধ্যে রয়েছে ডিপ্লোমা ইন গুডস এন্ড সার্ভিস ট্যাক্স (জিএসটি), ইন্সুরেন্স রিস্ক ম্যানেজমেন্ট, রিটেল এন্ড সেলস ম্যানেজমেন্ট, চাইনিজ (মন্দারিন) ল্যাঙ্গুয়েজ, ডিজিটাল মার্কেটিং (পিজি ডিপ্লোমা) ও লাইব্রেরি অটোমেশন এন্ড নেটওয়ার্কিং (পিজি ডিপ্লোমা)।

উপাচার্য আরও জানান, শুধুমাত্র কোর্স চালু করাই নয়, এর মাধ্যমে ছেলেমেয়েদের স্বরোজগারী করে তোলার প্রয়াসও নেওয়া হবে। আর সেই লক্ষ্যে পৌঁছতে পারলেই এমবিবি বিশ্ববিদ্যালয় একটা বিশেষ স্থান দখল করতে সক্ষম হবে। গত শিক্ষাবর্ষে চালু হওয়া জিএসটি ডিপ্লোমা কোর্সে অনেক ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। নির্ধারিত সময়ে তাদের কোর্স সম্পন্ন হওয়ার আগেই বেশ কয়েকজনের চাকুরিও হয়ে গেছে। এটা রাজ্য সরকারের আত্মনির্ভর রাজ্য গড়ার লক্ষ্যে অনেকটা সহায়ক হবে বলেও জানান তিনি। চলতি শিক্ষাবর্ষে যেসকল ছাত্রছাত্রী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি হবে তাদের ভর্তির শেষ তারিখ আগামী ৩০ অক্টোবর। এরপর ১৫ নভেম্বর থেকে শুরু হবে ক্লাস। এদিন সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন এমবিবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. সুমন্ত চক্রবর্তী ও কন্ট্রোলার অব এগজামিনেশন জে পি দেববর্মা।
